



## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার  
বাংলাদেশ

৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৮.২৩.৬০০৮

**বিষয়: অভিযোগের বিষয়ে উচ্চতর তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

সূত্র: (০১) নং বামাশিবো/প্রশা/পিরোজপুর-১৫৮/২৩৭, তারিখ: ২৭/১১/২০২২খ্রি.

(০২) স্মারক নং- জেশিঅ/পিরোজ/২০২৩/৩৩৫(ক), তারিখ: ২৪/০৫/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলাধীন রাজপাশা বালিকা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গোপনে জাল-জালিয়াতির মাধ্যমে গঠন করা হয়েছে মর্মে জনাব মেজর (অব:) মো: আবুল কালাম মুখা কর্তৃক দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর-কে সূত্রোক্ত ০১নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে জেলা শিক্ষা অফিসার সূত্রোক্ত ০২নং স্মারকে একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদনে মামলা সংক্রান্ত তথ্য বা আদালত কর্তৃক কোন নিষেধাজ্ঞার বিষয় উল্লেখ নেই। উভয় পক্ষের মধ্যে নেতৃত্ব প্রদান, আধিপত্য বিস্তার ও পারিবারিক ঐতিহ্যের বিষয়টি বিতর্কের মধ্যে মুখ্য ভাবে পরিলক্ষিত হয় এবং কমিটি ও সভাপতি নির্বাচনের বিষয়টি গৌণ মর্মে তদন্তকারী কর্মকর্তা তাঁর মতামতে উল্লেখ করেছেন। কমিটি গঠনে নিষেধাজ্ঞা ও মামলার তথ্য গোপন করা হয়েছে মর্মে উচ্চতর তদন্তের জন্য অভিযোগকারী পুনরায় আবেদন করেছেন।

এমতাবস্থায়, বর্ণিত অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৮-০২-২০২৪

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান  
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার  
chairman@bmeb.gov.bd

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৮.২৩.৬০০৮/১(৮)

৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভান্ডারিয়া, পিরোজপুর;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, পিরোজপুর;
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ভান্ডারিয়া, পিরোজপুর;
- ৪। সভাপতি, ম্যানেজিং কমিটি, রাজপাশা বালিকা দাখিল মাদ্রাসা, ভান্ডারিয়া, পিরোজপুর;
- ৫। সুপার/ভারপ্রাপ্ত সুপার, রাজপাশা বালিকা দাখিল মাদ্রাসা, ভান্ডারিয়া, পিরোজপুর;

৬। মেজর (অব:) আবুল কালাম মুখা (অভিযোগকারী), গ্রাম: দক্ষিন রাজপেশা, ডাকঘর: রাজপেশা, উপজেলা- ভান্ডারিয়া, জেলা-পিরোজপুর;  
৭। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং  
৮। অফিস কপি।





১৮-০২-২০২৪  
মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার

**সকল সংযুক্তিসমূহ:**

- (১) অভিযোগকারীর জাতীয় পরিচয়পত্রের কপি
- (২) রেজিস্ট্রার বরাবর আবেদন
- (৩) অভিযোগ সংক্রান্ত কাগজপত্রের কপি